NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

إعرض هذه الوثيقة باللغة العربية | এই নথি বা ডক্যুমেন্টটি বাংলায় দেখুন | 查看本文件的中文版

Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 이 문서를 한국어로 보기

Consulte este documento en español | یہ دستاویز اردو میں ملاحظہ کریں | Перевод документа на русский язык

schools.nyc.gov/MessagesForFamilies

মার্চ 2025

পরিবারের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে সামার রাইজিং 2025, বার্ষিক NYC স্কুল সংক্রান্ত জরিপ, CEC নির্বাচনসমূহের ক্যান্ডিডেট ফোরাম (প্রার্থীদের সম্মেলন) এবং প্যারেন্ট-টিচার কনফারেন্স।

বিষয়সূচি

- সামার রাইজিং-এর জন্য এখনই আবেদন করুন
- 2025 NYC স্কুল সংক্রান্ত জরিপ
- এডুকেশন কাউন্সিলের নির্বাচনসমূহ
- প্যারেন্ট-টিচার কনফারেন্স

সামার রাইজিং-এর জন্য এখনই আবেদন করুন

সামার রাইজিং 2025-এর আবেদন এখন থেকে **শুক্রবার, 28 মার্চ, 2025** পর্যন্ত খোলা থাকবে! ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD)-এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে অফারকৃত 'সামার রাইজিং' **বিনা খরচে** দেয়া হয় এবং নিউ ইয়র্ক সিটির বর্তমান কিন্ডারগার্টেন থেকে অষ্টম (8) গ্রেডের সকল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত। সকল অংশগ্রহণকারীর জন্য প্রোগ্রাম শুরু হবে 2 জুলাই, সোমবার থেকে শুক্রবার, 8:00 a.m. থেকে 6:00 p.m. পর্যন্ত চলবে। K–5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম শেষ হবে 15 অগাস্ট, এবং 6–8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম শেষ হবে 8 অগাস্ট।

শিক্ষার্থীদেরকে বিনা খরচে ব্রেকফাস্ট এবং লাঞ্চ দেয়া হবে। প্রোগ্রামে অন্তর্ভুক্ত শিক্ষা-বিষয়ক নির্দেশনা পরিচালনা করবেন NYCPS-এর স্টাফ এবং সমৃদ্ধিমূলক কর্মকাণ্ডসমূহ কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলো (CBOs) পরিচালনা করবে।

আবেদন করতে, আপনার বিদ্যমান MySchools.nyc অ্যাকাউন্ট-এ লগ ইন করুন, অথবা একটি তৈরি করতে ব্যবহার করুন আপনার ইমেইল ঠিকানা, আপনার সন্তানের 9-রাশির শিক্ষার্থী আইডি (স্টুডেন্ট ID) নম্বর, এবং মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির একটি অনন্য কোড যা আপনি আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করে সংগ্রহ করতে পারেন। পরিবারেরা তাদের আবেদনপত্রে যত খুশি প্রোগ্রাম তালিকাভুক্ত করতে পারেন এবং শেষ তারিখ, 28 মার্চের মধ্যে যেকোনো সময় পরিবর্তন করতে পারেন।

যদি আপনার কোনও প্রশ্ন থাকে অথবা সহায়তা প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে schools.nyc.gov/SummerRising দেখুন, আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন, অথবা summer@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ

যেসব শিক্ষার্থী **12-মাস/দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY)** স্পেশাল ক্লাস, নেস্ট, অথবা হরাইজন প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ করছে, তারা তাদের IEP-এ সুপারিশকৃত প্রোগ্রাম ও পরিষেবাগুলো এক্সটেন্ডেড স্কুল ইয়ার (ESY), ডিস্ট্রিক্ট 75 (D75), নেস্ট, অথবা হরাইজন সামার প্রোগ্রাম সাইটে পাবে। যেসব পরিবার সামার রাইজিং-এর মাধ্যমে IEP প্রোগ্রাম *এবং* দীর্ঘায়িত-দিবস বা এক্সটেন্ডেড ডে CBO-পরিচালিত সমৃদ্ধির সুযোগ লাভের আশা করেন, তাদেরকে মাইস্কুলস্ আবেদনের পোর্টাল ব্যবহার করা উচিত।

যদি আপনার সন্তান শুধুমাত্র নেস্ট/হরাইজন প্রোগ্রামে (12 p.m. পর্যন্ত), D75 (2:30 p.m. পর্যন্ত), অথবা ESY প্রোগ্রামে (2:00 p.m. পর্যন্ত) অংশগ্রহণ করে, তাহলে আপনার মাইস্কুলস্ আবেদনপত্র ব্যবহার করার পরিবর্তে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।

2025 NYC স্কুল সংক্রান্ত জরিপ

শুক্রবার, 4 এপ্রিলের মধ্যে 2025 NYC স্কুল সংক্রান্ত জরিপটি পূরণ করতে ভুলবেন না! আপনার গোপনীয় মতামত আমাদের স্কুলগুলোকে তাদের শিক্ষার্থী ও কমিউনিটির সদস্যদের চাহিদা আরও ভালোভাবে বুঝতে এবং তাদের শিক্ষা-পরিবেশ, শিক্ষাবিদ, পাঠ্যক্রম, সহায়তা পরিষেবা এবং আরও অনেক কিছু সম্পর্কে ভাবতে সহায়তা করে। স্কুলের নেতৃবৃন্দ এই মতামত তাদের স্কুল ও অফারকৃত প্রোগ্রাম উন্নয়ন করতে ব্যবহার করেন।

জরিপটি দেখতে ও পূরণ করতে, schoolsaccount.nyc -এ অবস্থিত, আপনার অফিশিয়াল নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করুন। এছাড়াও আপনি কাগজে বা অনলাইনে জরিপটি পূরণের নির্দেশাবলী সহ জরিপের একটি মুদ্রিত কপি পাবেন। এছাড়াও আপনি NYCSchoolSurvey.org -এ, 2025 NYC স্কুল সংক্রান্ত জরিপ সম্পর্কে আরও জানতে অথবা পূরণ করতে পারেন।

কমিউনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল নির্বাচন 2025

2025 কমিউনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (CCEC) নির্বাচনের প্রার্থীদের সাথে পরিচিত হোন! স্থানীয় কমিউনিটি এডুকেশন কাউন্সিল অথবা সিটির চারটি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে প্রার্থীদের সম্পর্কে জানার জন্য **সোমবার, 3 মার্চ থেকে** শুরু করে আপনার ডিস্ট্রিক্টে ভার্চুয়াল ক্যান্ডিডেট ফোরামে (প্রার্থী সম্মেলন) যোগ দিন। CCEC সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/ CCEC দেখুন। জুম-এর (Zoom) মাধ্যমে ফোরামে যোগদানের তারিখ, সময় জানা এবং রেজিস্টার করার জন্য schools.nyc.gov/Elections2025 দেখুন।

প্যারেন্ট-টিচার কনফারেন্স

মার্চে প্যারেন্ট-টিচার কনফারেন্সের (PTC) জন্য প্রস্তুত হন! PTC হচ্ছে আপনার সন্তানের শিক্ষায়তনিক এবং সামাজিক-আবেগজনিত বিকাশ এবং ক্লাসরুমের বাহিরে তার উন্নতিতে কীভাবে আপনি সহায়তা করতে পারেন সেবিষয়ে শিক্ষকদের সাথে সরাসরি আলোচনা করার সুযোগ। 2024–25 শিক্ষা বছরে কনফারেন্সগুলো দূর থেকে বা রিমোটভাবে পরিচালিত হবে, তবে অনুরোধ সাপেক্ষে সশরীরে অনুষ্ঠিত হতে পারে। অনুবাদ এবং দোভাষী পরিষেবাও লভ্য হবে—আপনার এই পরিষেবাগুলো প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলকে জানাবেন।

- **বৃহস্পতিবার, 6 মার্চ:** এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোর দুপুরের ও সান্ধ্যকালীন কনফারেন্স
- **বৃহস্পতিবার, 13 মার্চ:** মিডল্ স্কুল এবং D-75 স্কুলগুলোর জন্য দুপুরের ও সান্ধ্যকালীন কনফারেন্স
- **বৃহস্পতিবার, 20 মার্চ:** হাই স্কুল শিক্ষার্থীবৃন্দ, K-12, এবং 6–12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **শুক্রবার, 21 মার্চ:** হাই স্কুল, K-12, এবং 6–12 স্কুলগুলোর জন্য দুপুরের PTC

PTC সংক্রান্ত আরো পথ-নির্দেশনার জন্য, অনুগ্রহ করে schools.nyc.gov/ptc দেখুন।